



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং-ক/অ/৪৭২/

তারিখ : ২২/৪/২০১৫

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

প্রাপক : অধ্যক্ষ,  
কে এম আই এস মডেল কলেজ  
ডাকঃ জে, কাটি, ঝিকরগাছা, যশোর।

বিষয় : ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিষয় খোলার মেয়াদ বৃদ্ধি সহ ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ফিস প্রদান ও পৌরনীতি ও সুশাসন, সমাজ বিজ্ঞান এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে ২০১৪ সালের পরীক্ষার্থীর সংখ্যা, পাশের সংখ্যা ও পাশের হার জমাদান প্রসঙ্গে।

সূত্র : আপনার ১০-০২-২০১৫ তারিখের আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিপণন বিষয় খোলার অনুমতির মেয়াদ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করে ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণের বিশেষ অনুমতি প্রদান করা হল। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের শিক্ষার্থীদের ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণের বিশেষ অনুমতি ফিস বাবদ বোর্ড তহবিলে ১,০০০/- (এক হাজার) টাকা জমা প্রদান সহ পৌরনীতি ও সুশাসন, সমাজ বিজ্ঞান এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের ২০১৪ সালের পরীক্ষার্থীর সংখ্যা, পাশের সংখ্যা ও পাশের হার জমাদানের জন্য অনুরোধ করা হল।

### শর্তাদিঃ

- ১। কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- ২। পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৩। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ৪। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল বিজ্ঞপ্তি জানতে হবে।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং-ক/অ/৪৭২/২২১২(৬)/৩

তারিখ : ২২/৪/২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। অফিস কপি।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
যশোর